


# যুগান্তর

## চবির ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ৩৪ জন

প্রকাশ : ০৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তির আবেদন শেষ হয়েছে। এ বছর ৪ হাজার ৯২৬টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১ লাখ ৬৬ হাজার ৮৭০ ভর্তিচ্ছু। প্রতি আসন পেতে লড়াই হবে ৩৪ পরীক্ষার্থীর। ২৭ থেকে ৩১ অক্টোবর পর্যন্ত চলবে এ ভর্তি পরীক্ষা। সূত্রে জানা গেছে, সোমবার রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করেন ভর্তিচ্ছুরা। তবে মঙ্গলবার পর্যন্ত টাকা জমা দেয়ার সুযোগ পেয়েছেন তারা। এসময় পর্যন্ত ১ লাখ ৬৬ হাজার ৮৭০ জন ভর্তির আবেদন চূড়ান্ত করা হয়। আর আবেদন করলেও টাকা জমা না দেয়ায় বাদ পড়েছেন ৯৪৯৪ জন। সবচেয়ে বেশি আবেদন জমা হয়েছে 'ডি' ইউনিটে। ইউনিটটিতে আবেদন করেছেন ৫২ হাজার ৯১৭ ভর্তিচ্ছু। এছাড়া 'এ' ইউনিটে ৫২ হাজার ৭৮০ জন, 'বি' ইউনিটে ৪২ হাজার ৪ জন ও 'সি' ইউনিটে ১৪ হাজার ১ জন আবেদন করেছেন। আর 'বি-১' ও 'ডি-১' উপ-ইউনিটে আবেদন করেছেন যথাক্রমে ১ হাজার ৯৪২ ও ৩ হাজার ২২৬ জন। বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কার্যক্রমের সমন্বয়ক অধ্যাপক ড. হানিফ সিদ্দিকী বলেন, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অটোমেশন পদ্ধতিতে নিরবচ্ছিন্নভাবে ভর্তির আবেদন প্রক্রিয়া পরিচালনা করা হয়েছে। ১ সেকেন্ডের জন্যও এই প্রক্রিয়ায় কোনো ত্রুটি ঘটেনি।

পরীক্ষার সময়সূচি : ২৭ অক্টোবর 'বি' ইউনিটের মাধ্যমে শুরু হবে চবির ভর্তিযুদ্ধ। ২৮ অক্টোবর অনুষ্ঠিত হবে 'ডি' ইউনিটের পরীক্ষা। ২৯ অক্টোবর 'এ' ইউনিট, ৩০ অক্টোবর 'সি' ইউনিট এবং ৩১ অক্টোবর 'ডি-১' ও 'বি-১' উপ-ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্য [admission.cu.ac.bd](http://admission.cu.ac.bd) ওয়েবসাইট থেকে জানা যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।